

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

২১ আগস্ট ২০১৯

বরাবর

প্রধান প্রতিবেদক/হেড অব নিউজ

বিষয়: জাতিসংঘের নির্যাতনবিরোধী কমিটির সুপারিশসমূহের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার দাবিতে এইচআরএফবির সংবাদ সম্মেলনে সংবাদ সংগ্রহের জন্য প্রতিবেদক ও চিত্রগ্রাহক পাঠানো প্রসঙ্গে।

সুহৃদ,

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) - এর পক্ষ থেকে শুভেচ্ছা।


হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি), ২০টি মানবাধিকার ও উন্নয়ন সংগঠনের জোট যারা একত্রে মানবাধিকার উন্নয়ন ও রক্ষার লক্ষ্যে কাজ করে। আইন ও সালিশ কেন্দ্র (আসক) হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর সচিবালয় হিসেবে ভূমিকা পালন করছে।

আপনারা অবগত আছেন যে, গত ৩০ ও ৩১ জুলাই ২০১৯ জাতিসংঘের নির্যাতনবিরোধী কমিটির ৬৭তম অধিবেশনে নির্যাতন এবং অন্যান্য নিষ্ঠুর, অমানবিক অথবা অমর্যাদাকর আচরণ অথবা শাস্তি বিরোধীসংক্রান্ত সনদের আওতায় বাংলাদেশের অগ্রগতি পর্যালোচনা করা হয়। এই বিশেষ কমিটি গত ৯ আগস্ট তাদের সমাপনী পর্যবেক্ষণ দেয়। সমাপনী পর্যবেক্ষণ সম্পর্কে গণমাধ্যমের মাধ্যমে সাধারণ জনগণকে জানাতে এবং এই অধিবেশনে বাংলাদেশ সরকার প্রদত্ত প্রতিবেদন ও উপস্থাপনা সম্পর্কে ফোরামের মতামত জানিয়ে সরকারের কাছে সুস্পষ্ট কিছু দাবি তুলে ধরার লক্ষ্যে “জাতিসংঘের নির্যাতনবিরোধী কমিটির সুপারিশসমূহের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করা” শীর্ষক একটি সংবাদ সম্মেলন আগামী ২২ আগস্ট ২০১৯, সকাল ১১.০০ টায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে অনুষ্ঠিত হবে। এই সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করবেন সুপ্রীম কোর্টের আইনজীবী এবং আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর চেয়ারপারসন জেড আই খান পান্না। সভায় অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিচারপতি নিজামুল হক নাসিম (অবসরপ্রাপ্ত), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, শাহীন আনাম, নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন, জাকির হোসেন, নির্বাহী পরিচালক, নাগরিক উদ্যোগ, সঞ্জিব দ্রং, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আদিবাসী ফোরাম সহ আরো অনেকে।

উক্ত আলোচনা অনুষ্ঠানে আপনার সংবাদ মাধ্যম থেকে একজন প্রতিবেদক ও চিত্রগ্রাহক প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি। আপনাদের সার্বিক সহযোগিতা আমাদের এ উদ্যোগকে ফলপ্রসূ করতে সাহায্য করবে।

ধন্যবাদসহ

এইচআরএফবি-এর সচিবালয়ের পক্ষ থেকে,



মু: মুস্তাফিজুর রহমান
পরিচালক, অর্থ ও প্রশাসন
আইন ও সালিশ কেন্দ্র (আসক)

বিষয় : জাতিসংঘের নির্যাতনবিরোধী কমিটির সুপারিশসমূহের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার দাবিতে এইচআরএফবির সংবাদ সম্মেলন
তারিখ : ২২ আগস্ট ২০১৯
সময় : সকাল ১১.০০টা - দুপুর ১.০০টা
স্থান : সাগর-রুনি মিলনায়তন, ঢাকা রিপোর্টার্স ইউনিটি।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)